

আপনি কি স্যান্ডওয়েল কাউন্সিলের কাছ থেকে  
কোনো চিঠি পেয়েছেন?

অনুগ্রহ করে, সতর্কভাবে তা পড়ে নিন এবং  
আপনাকে তার উত্তর দিতে হলে দিন।



প্রতি বছর কাউন্সিল প্রতিটি বাড়িতে চিঠি পাঠিয়ে জানতে চায় যে, সেখানে কারা বসবাস করেন। এটিকে বলে বার্ষিক ক্যানভাস। ভোট দেওয়ার জন্য যোগ্য প্রতিটি ব্যক্তি যাতে ভোট দিতে পারেন, তা নিশ্চিত করার জন্য আমরা এটি করে থাকি।

আগস্ট মাসে প্রতিটি বাড়িতে চিঠি পাঠানো হয়েছে।

**আমরা যে চিঠিটি আপনাকে পাঠিয়েছি, অনুগ্রহ করে, ভালোভাবে তা পড়ে নিন বা কাউকে তা পড়ে দিতে বলুন।** কোনো চিঠিতে যদি বলা থাকে যে, আপনাকে অবশ্যই উত্তর দিতে হবে, সেক্ষেত্রে এটি একটি আইনি বাধ্যবাধকতার মধ্যে পড়ে।

বেশির ভাগ ব্যক্তির ক্ষেত্রে আমাদের কাছে তাদের বাড়ি সংক্রান্ত যে তথ্য রয়েছে, তা যদি সঠিক হয় তাহলে তাদেরকে চিঠির উত্তর দিতে হবে না।

যদি বিবরণে ভুল থাকে বা চিঠিতে বলা থাকে যে, আপনাকে অবশ্যই উত্তর পাঠাতে হবে, সেক্ষেত্রে চিঠির উপরে থাকা নির্দেশাবলি অনুসরণ করুন এবং অনলাইনে, টেক্সটের মাধ্যমে, ফোনে বা ডাকে উত্তর পাঠান।

যদি চিঠিতে বলা থাকে যে, আপনাকে অবশ্যই উত্তর পাঠাতে হবে এবং আমরা আপনার কাছ থেকে উত্তর না পাই, সেক্ষেত্রে আমরা আপনাকে মনে করিয়ে দেওয়ার জন্য আরেকটি চিঠি পাঠাব।

আপনার উত্তর পাঠানো নিশ্চিত করার জন্য আমরা আপনাকে কলও করতে পারি বা আপনার সাথে দেখাও করতে পারি।

আপনার যদি সহায়তার প্রয়োজন হয় বা চিঠি পাওয়ার ব্যাপারে নিশ্চিত না হয়ে থাকেন সেক্ষেত্রে আপনি ইলেকশন্স টিমের সাথে

**0121 569 3244** নম্বরে বা ই-মেইল ID

**electoral\_services@sandwell.gov.uk** এ যোগাযোগ করুন

পূর্ণ বিবরণ: [www.sandwell.gov.uk/annualcanvass](http://www.sandwell.gov.uk/annualcanvass)